



# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

www.scc.gov.bd

স্মারক নম্বর- ৪৬.০৭.০০০০.০০৪.০৬.০১৩.২৪-২০৬০

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
১৭ নভেম্বর ২০২৫ খ্রি.

## সভার বিজ্ঞপ্তি

আগামী ২৪.১১.২০২৫ খ্রিষ্টাব্দ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় সিলেট সিটি কর্পোরেশনের সভা কক্ষে (৬ষ্ঠ তলা) পরিষদের সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব খান মোঃ রেজা-উন-নবী, প্রশাসক, সিলেট সিটি কর্পোরেশন ও বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব), সিলেট বিভাগ, সিলেট।

### সভার আলোচ্যসূচি:

১. শিক্ষা প্রতিষ্ঠানে সড়কবাতি স্থাপন, ২০২৪ সালের বন্যায় ত্রাণ সহায়তা প্রদানের বকেয়া বিল এবং আর্ট সাইন প্রাইভেট লিঃ এর বকেয়া বিল বিষয়ে আলোচনা।
২. সিলেট সিটি কর্পোরেশনের আওতাভুক্ত বিদ্যালয়সমূহের শিক্ষক এবং মসজিদসমূহের ইমামদের বেতন বৃদ্ধি সংক্রান্ত আলোচনা।
৩. সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন রাস্তা কর্তৃপক্ষের জন্য তাদের অনুমতি গ্রহণ এবং তাদের একাউন্টে টাকা জমা প্রদান সংক্রান্ত আলোচনা।
৪. রিকশার নম্বরপ্লেট ক্রয় অনুমোদন সংক্রান্ত আলোচনা।
৫. আসন্ন শীত মৌসুমে ছড়া, খাল, ড্রেন পরিষ্কার করণ, ডাস্টবিন ও ড্যানগাড়ি সংকুলান এবং বর্জ্যবাহী গাড়ি ও বিশেষায়িত যন্ত্রপাতির মেরামত ও সংখ্যা বৃদ্ধি সংক্রান্ত আলোচনা।
৬. ওসমান মিয়া মার্কেট মা ও শিশু হাসপাতাল এর চিকিৎসক, স্টাফ, নার্সসহ কর্মকর্তা-কর্মচারীদের বেতন বৃদ্ধিকরণ সংক্রান্ত আলোচনা।
৭. গত ১৯.১০.২০২৫ তারিখে বিভিন্ন শাখায় ব্যবহৃত যানবাহন/ইকুপমেন্টসমূহ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন।
৮. খোপাদিঘীরপাড় সিটি মার্কেটের ৪র্থ তলা বরাদ্দ প্রদানের জন্য দরপত্র আহবান এবং সিটি কর্পোরেশন থেকে যে সমস্ত স্থাপনা ইজারা দেয়া হয়, সেগুলো ইজারাদার ইজারা শর্ত মোতাবেক যথাযথ রক্ষণাবেক্ষণ করে কি না এ সংক্রান্ত আলোচনা।
৯. বিবিধ আলোচনা।

প্রাপক:

জনাব/বেগম .....

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ওয়ার্ডসমূহ .....

সিলেট সিটি কর্পোরেশন।

*Handwritten signature and date: 17/11/2024*

(মোহাম্মদ রেজাই রাফিন সরকার)  
প্রধান নির্বাহী কর্মকর্তা (মুখ্যসচিব)  
ফোন: ০২৯৯৬৬-৩৩৩৮১  
ই-মেইল: [cco@scc.gov.bd](mailto:cco@scc.gov.bd)

### অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. অধিনায়ক, র‍্যাংক-৯, সিলেট।
৪. ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস, সিলেট।
৫. সচিব, সিলেট সিটি কর্পোরেশন।
৬. প্রধান প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন।
৭. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৮. প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন ও প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, সিলেট সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. *(Handwritten signature)* শাখা প্রধান, সিলেট সিটি কর্পোরেশন।
১০. প্রশাসনিক কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন (৭০ জনের সদস্যের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১১. সংশ্লিষ্ট নথি।

*Handwritten signature and date: 17/11/2024*

প্রধান নির্বাহী কর্মকর্তা  
সিলেট সিটি কর্পোরেশন